

৩

ঢাকা বিশ্ববিদ্যালয়

সিনেটে রেজিস্টার্ড
গ্রাজুয়েট প্রতিনিধি
নির্বাচন সম্পন্ন

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের
রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচন
উপলক্ষে গতকাল মঙ্গলবার ঢাকা
বিশ্ববিদ্যালয় ছাত্র শিক্ষক কেন্দ্রে ভোট
গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্র,
ময়মনসিংহ বিশ্ববিদ্যালয় কেন্দ্র,
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্র ও বরিশাল
বিএম কলেজ কেন্দ্রে একই সঙ্গে
নির্বাচন শুরু হয়।

চারটি প্যানেলের অধীনে প্রার্থীরা
এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেন।
সিনেটে রেজিস্টার্ড গ্রাজুয়েটদের ২৫টি
আসনের জন্য এই প্রথম সরাসরি
নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এর আগে
পোস্টাল ব্যালটের মাধ্যমে নির্বাচন
অনুষ্ঠিত হত। নির্বাচন কমিশন সূত্র
জানায়, ৩১০৫ ভোটারের মধ্যে ঢাকা
বিশ্ববিদ্যালয় কেন্দ্রে প্রায় ২০০০
ভোটার ভোট দিয়েছেন। ভোটগ্রহণ
শেষ হওয়ার পরপরই গণনা শুরু হয়।

আগামীকাল ১৪ই মার্চ সকাল
১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্টার
বিল্ডিং-এ নির্বাচনের ফলাফল ঘোষণা
করা হবে বলে সূত্র জানায়।